৪২

দৈনিক সংবাদ

তারিখ 23 JUL 1998
পৃষ্ঠা ৭ কলাম ৭

ঢাকা বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা ☐ ধর্মঘট ডেকেছে ছাত্ররা

# বর্ধিত বেতন ও ফি প্রত্যাহার দাবি ক্যাম্পাসে বিক্ষোভ, ভাঙচুর

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বর্ধিত বেতন ও ভর্তি ফি প্রত্যাহারের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। তারা রেজিষ্টার্ড বিল্ডিং, উপাচার্যের কার্যালয় ও বাসভবনে ব্যাপক ভাঙচুর করেছে। সমাবেশ থেকে আগামী ২৬ ও ২৭শে জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। গণতান্ত্রিক ছাত্রঐক আজ বৃহস্পতিবার ক্যাম্পাসে সর্বাত্মক ছাত্র ধর্মঘট ডেকেছে। ক্যাম্পাসের অন্য সংগঠনগুলো এই কর্মসূচির সঙ্গে একাত্মতা ঘোষণা করেছে।

সাধারণ ছাত্রছাত্রীদের এ কর্মসূচি ও কর্মকাণ্ডের নিন্দা এবং প্রতিবাদ জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সেই সাথে কর্তৃপক্ষ বেতন ও ভর্তি ফি বাড়ানোর ব্যাপারে মতামত ব্যক্ত করে বলেছেন, তাদের সিদ্ধান্ত সর্বসম্মত ও যুক্তিযুক্ত।

গতকাল সকাল ১০টা থেকেই বিভিন্ন হল থেকে সাধারণ ছাত্রছাত্রীরা প্রথমে অপরাজেয় বাংলার পাদদেশে সমবেত হয়। এরপর মিছিলসহ ক্যাম্পাস প্রদক্ষিণ করে উপাচার্যের কার্যালয়ের সামনে যায়। তাদের দেখে গেট বন্ধ করে দেয়ায় ছাত্রছাত্রীরা রেজিষ্টার বিল্ডিং ও উপাচার্যের দপ্তরে ব্যাপক ভাঙচুর করে, ইট পাটকেল নিক্ষেপ করে। একপর্যায়ে তারা উপাচার্যের বাসভবনের সামনে গেলে অবস্থানরত পুলিশ তাদের বাধা দেয়। এ সময় তারা উপাচার্যের বাসভবনে এবং পুলিশের উপরও তারা ইটপাটকেল নিক্ষেপ করে। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে কর্মসূচি ঘোষণা করেন 'বর্ধিত বেতন-ফি প্রতিরোধ ছাত্র পরিষদের' আহ্বায়ক-শাহিদুল ইসলাম রিপন। তারা কোষাধ্যক্ষেরও অপসারণ দাবি করে।

বিক্ষোভ প্রদর্শনকালে ইংরেজি প্রথমবর্ষের ছাত্র বদরুজ্জামান আহত হয়। তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাস-পাতালে চিকিৎসা দেয়া হয়।

গণতান্ত্রিক ছাত্রঐক্য ঃ একই ক্যাম্পাস ঃ পৃঃ ৭ কঃ ৬

## ক্যাম্পাস ঃ বিক্ষোভ ভাঙচুর

( ১ম পৃষ্ঠার পর )

দাবিতে এবং আজকের ধর্মঘট কর্মসূচির সমর্থনে গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল দুপুরে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে। অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশে বক্তৃতা করেন শরীফুজ্জামান শরীফ, মমতাজুর আলম, ইলু, শহিদুল ইসলাম শহীদ।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন সভাপতি হাসান হাফিজুর রহমান সোহেল ও সাধারণ সম্পাদক মঞ্জুর-এ খোদা টরিক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় সভাপতি শরীফুজ্জামান শরীফ ও সাধারণ সম্পাদক এক যুক্ত বিবৃতিতে ধর্মঘট কর্মসূচিকে সফল করার আহ্বান জানিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দাবির প্রতি সমর্থন জানিয়ে নগরীর কয়েকটি স্কুলের ছাত্রছাত্রীরা এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। বিকেল ৪টায় মধুর ক্যান্টিনে সাংবাদিক সম্মেলনে তারাও ছাত্রছাত্রীদের দাবির প্রতি একাত্মতা ঘোষণা করে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে। এ সময় উপস্থিত ছিল রাকিবুল ইসলাম, ইমতিয়াজ মাহফুজ, লিটন পারভেজসহ অনেকে।

### কর্তৃপক্ষের ভাষ্য

উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী পুনরায় জানিয়ে দিয়েছেন যে, বেতন ও ফি যা বাড়ানো হয়েছে তা সর্বসম্মত এবং যুক্তিযুক্ত। শিক্ষার মান উন্নয়ন ও বিশ্ববিদ্যালয়ের আত্মনির্ভরশীলতা বাড়ানোর জন্যে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে এ সামান্য বৃদ্ধিতে যদি ছাত্রছাত্রীদের কোন সমস্যা হয় তাহলে কর্তৃপক্ষ সেই ছাত্র বা ছাত্রীকে আলাদাভাবে সহযোগিতা দেবে।

গতকাল সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় সিনেট কক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি এ বক্তব্য দেন। এ সময় উপ-উপাচার্য অধ্যাপক শহীদ উদ্দিন আহমেদসহ সিন্ডিকেট সদস্যগণ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগীয় প্রধান, প্রক্টরসহ কর্তৃপক্ষের প্রশাসনিক কাঠামোর প্রধানগণ উপস্থিত ছিলেন।

এ সময় উপাচার্য ভাঙচুরের ঘটনায় নিন্দা প্রকাশ করেন। তিনি বলেন, এ ধরনের ঘটনায় তিনি মর্মাহত। আজ অনুষ্ঠিত সকল পরীক্ষা ধর্মঘটের কারণে হবে না বলে উপাচার্য জানান।